

উলুবেড়িয়া পৌরসভা

নগর জীবিকা কেন্দ্র


উলুবেড়িয়া গরুহাটা মোড়, উলুবেড়িয়া, হাওড়া-৭১১৩১৫
টোল ফ্রি নং :- ১৮০০ ৩৪৫৫ ১৯৬

পশ্চিমবঙ্গ রাজ্য নগর জীবিকা মিশনের উদ্যোগে উলুবেড়িয়া পৌরসভার নগর জীবিকা কেন্দ্র থেকে ন্যায্যমূল্যে বিভিন্ন পরিষেবা পাওয়া যাচ্ছে। পরিষেবা পেতে আগ্রহী নাগরিকদের উপরের টোল ফ্রি নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। পরিষেবা প্রদানকারী ব্যক্তি/সংস্থা বাড়িতে পৌছে যাবে।



যে সব পরিষেবা পাওয়া যেতে পারে

ইলেকট্রিশিয়ান * রাজমিঞ্চি * রং ও গ্রিলের মিঞ্চি * প্লাষার * এসি/রেফ্রিজারেটার সারানোর কারিগর * কম্পিউটার কেনা ও সারানো * মোটরযান ভাড়া * আইনি পরিষেবা * গৃহশিক্ষক * ভ্রমণ সংক্রান্ত পরিষেবা * আয়া নার্স * ক্যাটারিং ও ডেকরেটার্স * প্রসাধন-কনে ও তত্ত্ব সাজানো * ড্রাইভার * পৌরসভা সংক্রান্ত সমস্ত পরিষেবা ইত্যাদি। কাজের মান ও পারিশ্রমিক নাগরিকদের বুঝে নিতে হবে।



পরিষেবা দিতে আগ্রহী ব্যক্তি ও সংস্থা নগর জীবিকা কেন্দ্রে নাম নথিভুক্ত করতে পারেন।

জাতীয় নগর জীবিকা মিশন (NULM)



উলুবেড়িয়া পৌরসভা জ্যোতীয় নগর জীবিকা মিশনের সহযোগিতায় শহরের পিছিয়ে পড়া দারিদ্র্য পরিবারগুলিকে মূলাফ্ত ভিত্তিক কাজের সঙ্গে যুক্ত করে দারিদ্র্য দূরীকরণের কর্মসূচীতে বৃত্তি হয়েছে। এজন্য বিভিন্ন প্রশাসিত দক্ষতাবৃদ্ধি স্বনিযুক্তি কর্মসূচী কমসূচে খাণ পাওয়া সহ একগুচ্ছ ব্যবস্থা গঠণ করা হয়েছে। সর্বশেষ জোর দেওয়া হচ্ছে দারিদ্র্য পরিবারের মহিলা সদস্যরা যাতে একটি মজবুত প্রার্থীনিক সংগঠন গড়ে তাদের সামাজিক, অর্থনৈতিক ও অধিকারগত বিভিন্ন সুবিধা পাওয়ার লক্ষ্যে ধাপে ধাপে এগিয়ে যায় এবং সবরকম অন্যান্য ও ঘরোয়া হিংসার বিরুদ্ধে দাঁড়াতে পারে।

ইতিমধ্যে পৌরসভা যেসব কর্মসূচী রূপায়ণ করেছে তার কয়েকটি

- * নগর জীবিকা কেন্দ্র গঠন।
- * ৩২টি ওয়ার্ডে মোট ৩৭০টি স্বনির্ভর গোষ্ঠী গঠন।
- * ১৮০টি স্বনির্ভর গোষ্ঠীর প্রতিটিতে দশ হাজার টাকা আবর্তনীয় তহবিল প্রদান।
- * ১৪টি এরিয়া লেভেল ফেডারেশন (সংঘ) গঠন।
- * স্বনিযুক্তি কর্মসূচীতে ৪০জন ব্যক্তিকে এবং ৫৫টি স্বনির্ভর গোষ্ঠীকে ভর্তু কিযুক্ত খাণ প্রদান।
- * ৩০০০ জনকে ৬ মাস মেয়াদী বিভিন্ন দক্ষতাবৃদ্ধির প্রশিক্ষণ প্রদান।
- * ৩০০৮ জনকে ‘স্বাস্থ্যসাথী’ প্রকল্পের অধীনে আনা।
- * স্বনির্ভর গোষ্ঠী ও বিভিন্ন সরকারি দপ্তরের উৎপাদিত পণ্যসামগ্ৰী ন্যায্য মূল্যে বিপন্নণের জন্য ‘রোদ্র-বৃষ্টি’ নামে একটি বিপন্ন কেন্দ্র পৌরসভার নিচে শীতৰাই খোলা হবে।



পৌর নাগরিকদের প্রতি আবেদন

জলাভূমি ভরাট করবেন না * অবৈধ নির্মাণ করবেন না * অবৈধ জলের সংযোগ নেবেন না * প্রতিটি ব্যবসার জন্য ট্রেড লাইসেন্স করান * জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ করুন ২১ দিনের মধ্যে * সঠিক পরিষেবা পাবার জন্য সঠিক সময়ে পৌরকর মিটিয়ে দিন * পৌরস্বাস্থ্য ব্যবস্থার সুযোগ গ্রহণ করুন * এলাকা পরিষ্কার রাখুন, সাফাই কর্মীরা আপনার পাশেই আছে * প্রয়োজনীয় কাগজপত্র ও ফি জমা দিলে নির্দিষ্ট সময়ের মধ্যেই বাড়ি তৈরির নকসা অনুমোদিত হবে * বাড়িতে জলের সংযোগের জন্য ফর্ম পূরণ করে ৩০০০ টাকা ফি সহ আবেদন করলে যথাসময়ে সংযোগ দেওয়া হবে * নতুন ট্রেড লাইসেন্স করা এবং রিনিউ করা হবে ২৫ দিনের মধ্যে * জন্ম / মৃত্যু নিবন্ধীকরণ সার্টিফিকেট দেওয়া হবে নির্দিষ্ট সময়ের মধ্যে।

বিঃ দ্রঃ-নির্দিষ্ট সময়ের মধ্যে উপরোক্ত পরিষেবা না পেলে পশ্চিমবঙ্গ জনপরিষেবা অধিকার আইন ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট দণ্ডের থেকে ১ নং ফর্মে লিখিত প্রতিশ্রূতি নিন।

উলুবেড়িয়া পৌরসভা : কিছু তথ্য

২২/০৪/১৯৮২ তারিখে উলুবেড়িয়া মহকুমার শহরাঞ্চল নিয়ে পৌরসভার যাত্রা শুরু হয়। আজকের চিত্রটি এইরকম :

আয়তন	: ৩৪.১০ বর্গ কি.মি.
জনসংখ্যা	: ২,৩২,২৯০ (জনগণনা ২০১১)
জনঘনত্ব	: ৬,৮১২.০২ প্রতি বর্গ কি.মি.
স্বাক্ষরতার হার	: ৭২ শতাংশ
মোট রাস্তার দৈর্ঘ্য	: ৩১২ কি.মি.
ওয়ার্ড	: ৩২ টি
জল সরবরাহ	: পৌরসভার ২টি জলপ্রকল্প থেকে প্রতিদিন তিনবারে মোট ৮ মিলিয়ন গ্যালন পরিশ্রান্ত পানীয় জল সরবরাহ করা হয়।
স্বাস্থ্য ব্যবস্থা	: NUHM প্রকল্পের ৫টি পৌর স্বাস্থ্য কেন্দ্র থেকে আউটডোর পরিষেবা এবং ২২টি উপস্বাস্থ্য কেন্দ্র থেকে মাতৃত্বকালীন সহায়তা ও টিকাকরণ কর্মসূচী নিয়মিত পালিত হয়। এছাড়া নিয়মিত বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা বিভিন্ন ওয়ার্ডে বিশেষ স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়।
মিড ডে মিল	: পৌর এলাকার মোট ১২১টি স্কুলে মিড-ডে-মিল পরিচালনার দায়িত্বে রয়েছে উলুবেড়িয়া পৌরসভা।
সাফাই কর্মসূচী	: ১৭৩ জন সাফাই বন্ধু ২টি কমপ্যাটর ও ৮টি পিকআপ ভ্যান এবং ১টি গারবেজ ট্রি পার কাজে নিযুক্ত রয়েছে। শীঘ্ৰেই বাড়ি বাড়ি ময়লা সংগ্রহের কাজ শুরু হবে।
সকলের জন্য বাড়ি	: দরিদ্র নাগরিকদের জন্য এই প্রকল্পে শুধু বর্তমান বছরেই ১৪৪০টি বাড়ি নির্মিত হয়েছে।
নির্মল বাংলা	: স্বচ্ছ পরিবেশ গড়তে নাগরিকদের জন্য ৫২৮৭টি শৌচাগার নির্মিত হয়েছে এবং সমষ্টিগত ব্যবহারের জন্য ৩৩টি শৌচাগার নির্মাণের কাজ চলছে।
রবীন্দ্রভবন ও	: নায়মূল্যে ভাড়া দেওয়া হয়। পৌর দণ্ডের যোগাযোগ করতে হবে।
গেট হাউস	: ফোন নং-২৬৬১-০২৭৪
এছাড়া	: পানীয় জল সরবরাহের জন্য ৩টি ট্রান্স্ট্র, ২টি শববাহী গাড়ী ও ১টি এ্যাম্বুলেন্স সর্বদা প্রস্তুত রয়েছে।
যেসব কাজ চলছে	: ঘাট সংস্কার, বৈদ্যুতিক চুল্লি তৈরি, খাল সংস্কার, ৬টি পার্ক নির্মাণ, এল.ই.ডি. ও হাইমাট লাইট লাগানো ইত্যাদি।



পৌরপ্রধান শ্রী অর্জুন সরকার কর্তৃক প্রচারিত